

দৈনিক করতোয়া

The Daily Karatoa

সোমবার ২৭ ভাদ্র ১৪২৪ : ১১ সেপ্টেম্বর ২০১৭

www.ekaratoa.com



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)
শান্তাহার রোড, নিশিন্দারা, বগুড়া-৫৮০০।



ভর্তি বিজ্ঞপ্তি

(কারিগরি সহায়তায় বিটাকের উচ্চ মানসম্পন্ন সেবা নিন)

বাংলাদেশে প্রশিক্ষণ প্রাপ্ত দক্ষ জনবলের অভাব এবং ব্যাপক চাহিদার কথা বিবেচনা করে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নধীন Skills Development Coordination and Monitoring Unit (SDCMU)-এর সহযোগিতায় Skills for Employment Investment Program (SEIP) এর আওতায় শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) এর ৪টি কেন্দ্রে (ঢাকা, খুলনা, চট্টগ্রাম ও বগুড়া) মেশিনসপ, ওয়েল্ডিং ও ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ট্রেডে কর্মসংস্থান উপযোগী প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রশিক্ষণ গ্রহণে আগ্রহীদেরকে কেন্দ্র কর্তৃক নির্ধারিত ফরমে আবেদন করার অনুরোধ করা যাচ্ছে। সফলভাবে প্রশিক্ষণ সমাপনান্তে প্রশিক্ষার্থীগণকে শিল্প কারখানাসমূহে কর্মসংস্থানের সার্বিক সহযোগিতা প্রদান করা হবে। প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ:

০১	প্রশিক্ষণ মেয়াদ	: প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানে প্রশিক্ষণ ৩ মাস (০২/১০/২০১৭ হতে ৩১/১২/২০১৭ তারিখ পর্যন্ত) এবং শিল্প কারখানায় বাস্তব প্রশিক্ষণ ১ মাস (০১/০১/২০১৮ হতে ৩১/০১/২০১৮ তারিখ পর্যন্ত)।
০২	ক্লাসের সময়	: প্রতিদিন সকাল ৯:৩০ থেকে বিকাল ৪:৩০ পর্যন্ত।
০৩	আসন সংখ্যা	: প্রতি ট্রেডে ৩০ জন।
০৪	শিক্ষাগত যোগ্যতা	: ন্যূনতম ৮ম শ্রেণি/জেএসসি পাস।
০৫	বয়স	: ন্যূনতম ১৮ বৎসর।
০৬	কোর্স ফি	: প্রশিক্ষণের যাবতীয় খরচ SEIP কর্তৃক বহন করা হবে।
০৭	বৃত্তি	: ফান্ড প্রাপ্তি সাপেক্ষে সফলভাবে উত্তীর্ণ প্রশিক্ষার্থীগণকে প্রতি মাসে ১,০০০/- টাকা করে এবং বাস্তব প্রশিক্ষণ মাসে ১,৫০০/- টাকাসহ এককালীন বৃত্তি প্রদান করা হবে। প্রত্যেক প্রশিক্ষার্থীর ব্যাংক একাউন্ট খুলতে হবে। একই প্রশিক্ষার্থী একাধিক ট্রেডে ভর্তি হতে পারবে না। ইতিপূর্বে যারা SEIP Program এ কোন প্রতিষ্ঠানে অংশগ্রহণ করেছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।
০৮	ভর্তি ফরমের সহিত আবেদনকারী কর্তৃক সরবরাহকৃত ডকুমেন্টস	: ক) সদ্য তোলা ১ কপি পাসপোর্ট ও ১ কপি স্ট্যাম্প সাইজের সত্যায়িত ছবি খ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র গ) জাতীয় পরিচয়পত্র অথবা ডিজিটাল জন্ম সনদের সত্যায়িত কপি ঘ) শিক্ষাগত যোগ্যতা সনদের সত্যায়িত কপি।
০৯	ভর্তি পরীক্ষা	: ইং ২৭/০৯/২০১৭ তারিখ সকাল ১০ ঘটিকায় ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।
১০	ক্লাস শুরু তারিখ	: ০২/১০/২০১৭ইং।
১১	ভর্তি ফরম সংগ্রহ ও প্রশিক্ষণ প্রদানের স্থান	: ক) বিটাক, বগুড়া: নিশিন্দারা, কারবালা, বগুড়া-৫৮০০, ফোন নং-০৫১-৫১৯৩১, মোবাইল : ০১৭২৮৬২১৪৩৮ খ) বিটাক, ঢাকা: তেজগাঁও শি/এ, ঢাকা-১২০৮, ফোন: ০২-৮৮৭০৫৬২ গ) বিটাক, খুলনা: পুট নং-আর-১-৪, কেউএ শি/এ, শিরোমনি, খুলনা-৯২০৪, ফোন-০৪১-৭৮৬০৫০ ঘ) বিটাক, চট্টগ্রাম, সাগরিকা রোড, পাহাড়তলী, চট্টগ্রাম-৪২১৯, ফোন: ০৩১-৭৫০০০৩।
১২	প্রশিক্ষণ সমাপ্তিকরণ এর নিশ্চয়তা প্রদান	: প্রশিক্ষণ সমাপ্তিকরণের নিশ্চয়তা প্রদানের জন্য সর্বশেষ পরীক্ষার মূল সনদপত্র জমা দিতে হবে প্রশিক্ষণ শেষে সনদপত্র ফেরত প্রদান করা হবে।

বি: দ্র: সীমিত আসন সংখ্যার কারণে প্রশিক্ষার্থীদের "আগে আসলে আগে পাবেন" ভিত্তিতে রেজিস্ট্রেশন করা হবে। দরিদ্র, অনগ্রসর, সুবিধা বঞ্চিত, প্রতিবন্ধী ও মহিলাদেরকে অগ্রাধিকার দেওয়া হবে। আগ্রহী ব্যক্তিবর্গকে ভর্তি ফরম সংগ্রহের জন্য ভর্তিচ্ছুক কেন্দ্রের প্রশিক্ষণ শাখায় যোগাযোগ করতে অনুরোধ করা যাচ্ছে।

(প্রকৌশলী মো: জাহাঙ্গীর আলম)

নির্বাহী প্রকৌশলী (প্রশিক্ষণ)

বিটাক, বগুড়া।

মোবাইল: ০১৭২৮-৬২১৪৩৮

কর-৪৪৩/১৭